

Total number of printed pages – 7

63 (FY)SEM-3/AEC/BENAEC2012

2025

BENGALI

Paper : BENAEC2012

(Functional Bengali – III)

Full Marks : 50

Pass Marks : 20

Time : Two hours

**The figures in the margin indicate
full marks for the questions.**

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখো :

১×৫=৫

(ক) F₅ কী কাজ করে ?

(i) পেজ রিফ্রেশ করে

(ii) পেজ বন্ধ করে

(iii) পেজ মুছে ফেলে

(iv) পেজ ডাউনলোড করে

(খ) ANSI'এর সম্পূর্ণ রূপটি হল -

- (i) একটি ফন্ট স্টাইল
- (ii) একটি এনকোডিং স্ট্যান্ডার্ড
- (iii) একটি অপারেটিং সিস্টেম
- (iv) একটি সফটওয়্যার

(গ) বাংলা ভাষায় টাইপ করার জন্য কোন সফটওয়্যার

বেশি জনপ্রিয়?

- (i) Microsoft Word
- (ii) Google Docs
- (iii) Notepad
- (iv) Avro Keyboard

(ঘ) একটি প্রফ রিডিং টুলের উদাহরণ -

- (i) Google Docs
- (ii) MS point
- (iii) Adobe Reader
- (iv) Canva

(ঙ) প্রফ রিডিংয়ের প্রধান উদ্দেশ্য কী?

- (i) তথ্য সংযোজন করা
- (ii) লেখার বানান ও ব্যাকরণ ঠিক করা
- (iii) শব্দ সংখ্যা বৃদ্ধি করা
- (iv) লেখার স্টাইল পরিবর্তন করা

২। সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো পাঁচটি) $২ \times ৫ = ১০$

- (ক) প্রফ সংশোধন কাকে বলে?
- (খ) কম্পোজিশন কত প্রকার ও কী কী?
- (গ) প্রফ রিডিং-এ কী কী পরীক্ষা করা হয়?
- (ঘ) প্রফ রিডিং-এর ক্ষেত্রে যে-কোনো দুটি অসুবিধা লেখো।
- (ঙ) প্রফ সংশোধনের যে-কোনো দুটি বৈশিষ্ট্য লেখো।
- (চ) প্রফ রিডিং-এর ইতিহাসে কোন ধরনের প্রফ রিডিং পদ্ধতি প্রথম ব্যবহার করা হয়? বাংলা সাহিত্যে কোন শতাব্দীতে মুদ্রণের প্রচলন ব্যাপক হয়েছিল?
- (ছ) 'tr' এবং '#' এই চিহ্ন দুটি কোন নির্দেশ দেয়?

৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৫ = ২৫$

- (ক) প্রফ রিডিং-এর মূল উদ্দেশ্যসমূহ আলোচনা করো।

- (খ) প্রফ সংশোধনের নিয়মাবলী নির্ধারক কমিটি সূচনা থেকেই পান্ডুলিপি প্রস্তুত বিষয়ে কিছু প্রস্তাব রাখেন, সেগুলি কী কী?
- (গ) প্রফ রিডারের দায়িত্ব সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) প্রফ সংশোধনের ব্যবহৃত সাংকেতিক চিহ্নসমূহ কী কী? সংক্ষেপে আলোচনা করো।
- (ঙ) প্রফ সংশোধনের প্রয়োজনীয়তা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (চ) গ্যালি প্রফের মূল উদ্দেশ্য সম্পর্কে লেখো।
- (ছ) পান্ডুলিপি প্রস্তুতিকরণে প্রফ সংশোধনের পাঁচটি নিয়মাবলী সম্পর্কে আলোচনা করো।
- (জ) টীকা লেখো : কম্পোজিটর

৪। নিম্নলিখিত রচনাংশটির প্রফ সংশোধন কপি তৈরী করো।

১০×১=১০

মূল পান্ডুলিপি :

আমি অন্তঃপুরের মেয়ে,

চিনবে না আমাকে।

তোমার শেষ গল্পের বইটি পড়েছি শরৎবাবু,

“বাসি ফুলের মালা”-

তোমার নায়িকা এলোকেশীর মরণদশা ধরেছিল,

পঁয়ত্রিশ বছর বয়সে।

পঁচিশ বছর বয়সের সঙ্গে তার রেবারেবি,

দেখলেম তুমি মহাদাশায় বটে,

জিতিয়ে দিলে তাকে।

অসংশোধিত প্রফ

আমি অন্তঃপুরের মেয়ে,

চিনবেন ন আমাকে।

তোমার শেষ গল্পের বইটি পুড়ছি শরৎবাবু,

বাসি ফুলের মালা।

তোমার নায়িকা এলোকেশীর মরণ দশা ধরেছিল

পঁয়ত্রিশ বছর বয়সে

পঁচিশ বছর বয়সের সঙ্গে তার রেবারেশি,

দেখলেম তুমি মহাদাশায় বটে,

জিতিয়ে দিলেম তাকে।’

নিম্নলিখিত গদ্যাংশের মূল পাণ্ডুলিপি অবলম্বনে অসংশোধিত প্রফটির ত্রুটিপূর্ণ অংশগুলো উপযুক্ত নির্দেশিকা চিহ্নসহ উল্লেখ করো :

মূল পাণ্ডুলিপি :-

সুধীন্দ্রনাথ দত্ত আধুনিক কবিদের মধ্যে শ্রেষ্ঠ। তাঁর কবিতা আবেগ আর মননের এক অসামান্য মিশ্রণ। আপাতদৃষ্টিতে সুধীন্দ্রনাথ আধুনিক কবিদের মধ্যে সবচেয়ে দুরূহ কবি। কেননা তিনি অভিধান হতে প্রচুর অপ্রচলিত শব্দ বেছে নিয়েছেন। আর সেগুলোতে সঞ্চর করেছেন বিশ শতকের উত্তাপ। তাই সাধারণ পাঠকের পক্ষে অধিকাংশ শব্দের অর্থ বুঝে উঠাই কঠিন ছিল। অথচ এরূপ শব্দের মালা গেঁথে তিনি ফিরেছেন দর্শন থেকে দর্শনে।

এ প্রসঙ্গে ড° ছমায়ুন আজাদ বলেছেন; “তিনি বিশ্বাস করতে চেয়েছেন, কিন্তু অবিশ্বাসে তাঁর সমস্ত সত্তা ভরে গেছে।” তিনি বিশ্বাস করতেন শুধু শব্দই কবিতা; এখানে অনুপ্রেরণা গৌণ।

অমিয় চক্রবর্তীকে আধুনিক কবিদের মধ্যে অনেক বেশি শাস্ত ও ধ্যানী বলে মনে হয়। তাঁর কবিতাতেও রয়েছে গভীর অবিশ্বাস ও জীবন জটিলতা।

সুধীন্দ্রনাথ দত্ত আধুনিক কবিদের মধ্যে শ্রেষ্ঠতর। তাঁর কবিতা আবেগ আর মননের এক মিশ্রণ অসামান্য।

আপাতত দৃষ্টিতে সুধীন্দ্রনাথ আধুনিক কবিদের মধ্যে সবচেয়ে দুরূহ কবি। কেননা তিনি অভিধান হইতে প্রচুর অপ্রচলিত বেছে নিয়েছেন। আর সেগুলোতে সঞ্চর করেছেন বিশ শতকের উত্তাপ। তাই সাধারণ পাঠকের পক্ষে অধিকাংশ শব্দের অর্থ বুঝে উঠাই কঠিন ছিল। অথচ এরূপ শব্দের মালা গেঁথে তিনি ফিরেছেন দর্শন থেকে দর্শনের। এ প্রসঙ্গে ড° ছমায়ুন আজাদ বলেছেন, “তিনি বিশ্বাস চেয়েছেন, কিন্তু অবিশ্বাসে তাঁর সমস্ত সত্তা ভরে গেছে। তিনি বিশ্বাস করতেন শুধুমাত্র শব্দই কবিতা; এখানে অনুপ্রেরণা গৌণ। অমিয় চক্রবর্তীকে আধুনিক কবিদের মধ্যে অনেক বেশি শাস্ত ও ধ্যানী বলে মনে হয়। তাঁর কবিতাতেও রয়েছে গভীর অবিশ্বাস ও জীবন জটিলতা।